চুয়াডাঙ্গায় বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস পালিত

“স্বপ্নের ডানায় ভর করি, শিশুশ্রমের শৃঙ্খল ছিঁড়ি; এগিয়ে চলি দীপ্ত পায়ে, আশার আগুন বুকে জ্বালি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কুষ্টিয়ার আয়োজনে এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় দিবসটি উদযাপন করা হয়।

দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের বিভিন্ন প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়।

র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “আজকের শিশুরা আগামী দিনের ভবিষ্যৎ। আমরা যদি তাদের রক্ষা করতে না পারি, তবে দেশকেও রক্ষা করা সম্ভব হবে না। শিশুশ্রম প্রতিরোধে আমাদের সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।”

তিনি আরও বলেন, “বাংলাদেশের প্রেক্ষাপটে শিশুশ্রম একটি মারাত্মক সামাজিক সমস্যা। এই সমস্যা সমাধানে সরকারসহ বিভিন্ন এনজিও ও সংগঠন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অভিভাবকদের হতে হবে আরও সচেতন, পাশাপাশি সমাজের বিত্তবান শ্রেণীকেও শিশুদের পাশে দাঁড়াতে হবে এবং শিশুশ্রম রোধে সক্রিয় ভূমিকা রাখতে হবে।”

মুজিবনগরে শিশু শ্রম প্রতিরোধ দিবস পালিত

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি’র আয়োজনে মুজিবনগরে পালিত হয়েছে শিশু শ্রম প্রতিরোধ দিবস।

সোমবার সকালে গুডনেইবার্স মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে গুডনেইবার্স মেহেরপুর সিডিপি’র ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

গুডনেইবার্সের প্রোগ্রাম অফিসার রাসেল শেখের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সিএমসি’র সভাপতি রেহেনা পারভিন, শিশু পরিষদের সভাপতি প্রত্যাশা মণ্ডল, সদস্য জুনায়েদ, সিডিসি সদস্য দীপ্তি কীর্তনিয়া, ‘নেইচার অ্যান্ড পিস ক্লাব’-এর সদস্য সুস্মিতা খাতুন প্রমুখ।

অনুষ্ঠান শেষে শিশু শ্রম প্রতিরোধ বিষয়ক চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস পালিত

“দুগ্ধের অপার শক্তিতে মেতে উঠি এক সাথে” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব দুগ্ধ দিবস ২০২৫।

দিবসটি উপলক্ষে রবিবার (১ জুন) মেহেরপুর জেলা প্রাণিসম্পদ চত্বরে সকাল ১০টায় বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রাণিসম্পদ অফিসার ডা. সুব্রত কুমার ব্যানার্জীর

সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিনুর রহমান খান।

ভেটেরিনারি সার্জন ডা. সৈয়দ ছাকিবুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল মামুন, মুজিবনগর ইউএলও ডা. হামিদুল আবিদ, গাংনী ইউএলও ডা. মোতালেব হোসেনসহ সরকারি-বেসরকারি কর্মকর্তা, কর্মচারী এবং জেলার বিভিন্ন গরু ও ছাগল খামারিরা।

বক্তারা দুধের পুষ্টিগুণ, অর্থনৈতিক গুরুত্ব এবং নিরাপদ ও মানসম্মত দুধ উৎপাদন ও বাজারজাতকরণের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া খামারিদের জন্য সরকারের বিভিন্ন সহায়তা ও প্রশিক্ষণমূলক কর্মসূচি নিয়মিত আয়োজনের আহ্বান জানান।

আলোচনা সভার আগে জেলা প্রাণিসম্পদ বিভাগ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রাণিসম্পদ বিভাগের সামনে এসে শেষ হয়।

জীবননগরে শহীদ জিয়াউর রহমানের ৪৪তম শাহাদত বাষিকী পালিত

চুয়াডাঙ্গা জীবননগরে সাবেক রাষ্টপতি জিয়াউর রহমানের ৪৪তম শাহাদত বাষিকী পালিত হয়েছে।আজ শুক্রবার বিকালে জীবননগর উপজেলা পৌর সভার ৭নং ওয়াড বিএনপির আয়োজনে বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৪তম শাহাদত বাষিকী উপলক্ষে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় এ দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর পৌরসভার ৭নং ওয়াড বিএনপির সভাপতি মোঃ মজনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ন সম্পাদক ও উপজেলা যুবদলের আহবায়ক ময়েন উদ্দিন মঈন।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর

পৌরসভার ৭ নং ওয়াড বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি শফিকুল ইসলাম খোকা, জীবননগর পৌর যুবদলের যুগ্ন আহবায়ক,আনোয়ার হোসেন,জীবননগর পৌর সভার ৭ নং ওয়াড বিএনপির সাংগঠনিক সম্পাদক মুকুল হোসেন,ছাত্রনেতা হাসান আলী,যুবদল নেতা সুমন হোসেন ।উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন যুবদল নেতা আক্তার হোসেন।

কোটচাঁদপুরে শহীদ জিয়াউর রহমানের ৪৪ তম শাহাদাত বার্ষিকী পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি,র প্রতিষ্ঠাতা, বহু দলীয় গণতন্ত্রের প্রবর্তক, প্রয়াত রাষ্ট্রপতি, স্বাধীনতার ঘোষক, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৪ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে উপজেলা ও পৌর এলাকা মসজিদে মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শাহাদাত বার্ষিকী উপলক্ষে শুক্রবার সকালে কোটচাঁদপুরের মেইন বাজার পুরাতন কলেজ হোস্টেলে পৌর বিএনপি দলিও কার্যালয়ে জাতীয় ও দলিও পতাকা উত্তোলনের মাধ্যমে শাহাদাত বার্ষিকীর অনুষ্ঠানের সুচনা করেন।

সে সময় উপস্থিত ছিলেন, বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল। জেলা বিএনপি’র সভাপতি আবুবকর বিশ্বাস, উপজেলা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল, জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক ফারুক হোসেন খোকন, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, জেলা বিএনপি’র সদস্য আশরাফ আলী, উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া, ঢাকা কলেজের সাবেক ছাত্র নেতা জুলফিকার আলি রাজা, পৌর বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক কামাল হোসেন, পৌর বিএনপি

নেতা দুলু, উপজেলার যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, সদস্য সচিব হাফিজুর রহমান, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, সদস্য সচিব সেলিম রেজা মধু, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি, কলেজ ছাত্র দলের আহ্বায়ক শাওন প্রমূখ।

দুপুরে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে জুম্মার নামাজ শেষে মসজিদে মসজিদে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় বিএনপি, যুবদল, ছাত্রদল, সেচ্ছাসেবক দল, কৃষক দল, শ্রমিক দল সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনা, দেশ নেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া শেষে মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়।

মেহেরপুরে মাশরুম চাষ সম্প্রসারণ প্রকল্পের আওতায় মাঠ দিবস পালিত

২০২৪-২৫ অর্থবছরে “মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ” প্রকল্পের আওতায় মেহেরপুরে মাঠ দিবস পালন করা হয়েছে।

আজ সোমবার বিকেল সাড়ে ৪টায় সদর উপজেলা পরিষদের হলরুমে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (খামারবাড়ি) এর আয়োজনে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ আলমগীর বিশ্বাস।

তিনি তাঁর বক্তব্যে বলেন, “মাশরুম চাষ একটি সম্ভাবনাময় খাত। এটি পুষ্টি চাহিদা পূরণের পাশাপাশি গ্রামীণ জনগোষ্ঠীর আয় বৃদ্ধিতে

উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে। সরকারের কৃষি উন্নয়ন পরিকল্পনায় মাশরুম চাষকে গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. সামসুল আলম, অতিরিক্ত উপ-পরিচালক মো. শায়খুল ইসলাম, জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তরিকুল ইসলাম, সদর উপজেলা কৃষি অফিসার মো. মনিরুজ্জামান, গাংনী উপজেলা কৃষি অফিসার মো. ইমরান হোসেন, মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন এবং উপসহকারী কৃষি কর্মকর্তা মো. আশরাফুল আলম প্রমুখ।

গাংনীতে আন্তর্জাতিক নার্স দিবস পালিত

“আমাদের নার্স, আমাদের ভবিষ্যৎ; নার্সিং পেশার উন্নতি অর্থনৈতিক সমৃদ্ধি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনীতে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত হয়েছে।

সোমবার (১২ মে) সকালে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার একই স্থানে গিয়ে শেষ হয়। এরপর স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সুপ্রভা রানীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন আরএমও মাসুদর রহমান, নার্সিং সুপারভাইজার নুরুন্নাহার খাতুন, আমেনা খাতুন, ওয়ার্ড ইনচার্জ শাকিলা আক্তার এবং আম্বিয়া খাতুন। অনুষ্ঠানে নার্সিং কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আন্তর্জাতিক নার্স দিবস পালিত

মেহেরপুরে আন্তর্জাতিক নার্স দিবস পালন করা হয়েছে।

সোমবার সকাল সাড়ে নয়টার দিকে শহরের পৌর ঈদগাহ গেট থেকে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালির নেতৃত্ব দেন ডেপুটি নার্সিং সুপারিনটেনডেন্ট আজিরন নেসা।

এ সময় আরও উপস্থিত ছিলেন নার্সিং সুপারভাইজার ইসমত আরা, বেলাইতুন্নেসা, সোনালী হাওলাদারসহ নার্সিং নেতৃবৃন্দ।

র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর জেনারেল হাসপাতালের সামনে গিয়ে শেষ হয়।

র্যালিতে নার্সিং সেবার প্রতীক হিসেবে ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে উপস্থাপন করা হয়। কর্মসূচিতে হাসপাতালের সেবিকা, শিক্ষানবিশ সেবিকা এবং বিভিন্ন নার্সিং প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

দামুড়হুদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালিত

“মানসম্মত শিক্ষা নিশ্চিত করি, বৈষম্যমুক্ত সমাজ গড়ি” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৫ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা ১১টায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) তিথি মিত্রের সভাপতিত্বে

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে. এইচ. তাসফিকুর রহমান, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং রাজনৈতিক নেতৃবৃন্দ।

মেহেরপুরে রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালিত

বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা এবং নানা আয়োজনে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস।

দিবসটি উপলক্ষে আজ বৃহস্পতিবার (৮ মে) সকালে জেলা পরিষদ চত্বরে জাতীয় পতাকা ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন জেলা প্রশাসক ও জেলা রেড ক্রিসেন্টের চেয়ারম্যান সিফাত মেহনাজ।

পতাকা উত্তোলন শেষে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর স্থানীয় সরকার বিভাগের ভারপ্রাপ্ত উপপরিচালক মো. তরিকুল ইসলাম, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের ইউনিট লেভেল অফিসার সাব্বির হোসেন, যুব প্রধান শান্ত প্রমুখ।

এছাড়াও এসময় রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের আর সি ওয়াই আব্দুল্লাহ আল মামুন, সদস্য মোঃ ফয়সাল হোসেন, মোঃ নাসির হাসান, ওবায়দুল্লাহ, ফারহান ইসরাকসহ স্কুল-কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।